

ইস্টার্ন কেবলস্ লিমিটেড

রেজিস্টার্ড অফিসঃ উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম

৩৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা ইস্টার্ন কেবলস্ লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারদের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, কোম্পানির ৩৫তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ১২-০২-২০২২খ্রিঃ মোতাবেক রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় ডিজিটাল প্রাটফর্মে অনুষ্ঠিত হবেঃ

- ১। ৩০ জুন, ২০২১ তারিখ সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণী, লাভ/ক্ষতি ও অন্যান্য সম্মিলিত আয়ের বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালকমণ্ডলীর বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ২। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী পরিচালকের স্থলে নতুন পরিচালক মনোনয়ন/নির্বাচন।
- ৩। কোম্পানির ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও ফি নির্ধারণ।
- ৪। কোম্পানির ২০২১-২০২২ অর্থবছরের Reporting and Compliance এর বিষয়ে Corporate Governance Code পরিপালনের সার্টিফিকেট গ্রহণের লক্ষ্যে Compliance অডিট নিয়োগ ও ফি নির্ধারণ।
- ৫। স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদন।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে অন্যান্য যে কোন বিষয়াদি সম্পাদন করা।

বোর্ডের আদেশক্রমে,

(মোঃ গোলাম মাওলা)
কোম্পানি সচিব।

তারিখঃ ১০-০১-২০২২

দৃষ্টব্যঃ

- ১। কোম্পানির ৩৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০-১২-২০২১ তারিখ রেকর্ড ডেইট হিসেবে নির্ধারণ করা হয়েছে।
- ২। কোম্পানির ৩৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে রেকর্ড ডেইট এ শেয়ারহোল্ডার বই/ডিপোজিটরী রেজিস্টারে যে সব সম্মানিত শেয়ারহোল্ডারগণের নাম ও শেয়ার থাকিবে শুধুমাত্র তারাই শেয়ারহোল্ডার হিসেবে বিবেচিত হবেন এবং ৩৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- ৩। সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের উপযুক্ত সদস্য তাঁহার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। এই ধরনের প্রক্সিদাতাকে অবশ্যই কোম্পানির একজন শেয়ারহোল্ডার হতে হবে। কোম্পানি/করপোরেশন তাদের নিয়োগকৃত প্রতিনিধির মাধ্যমে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদান করতে পারবেন। ২০(বিশ) টাকা মূল্যে রেজিস্টার্ড স্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম বার্ষিক সাধারণ সভার নির্ধারিত সময়ের অন্তত ৪৮(আটচল্লিশ) ঘণ্টা পূর্বে অর্থাৎ ১০-০২-২০২২ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে অবশ্যই কোম্পানির ঢাকাস্থ শেয়ার অফিসে জমা দিতে হবে।
- ৪। গ্রুপ 'বি' শেয়ারহোল্ডারদের মধ্য হতে পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% শেয়ারধারী অথবা শেয়ারহোল্ডারগণকে পরিচালক নির্বাচিত হতে ইচ্ছুক প্রার্থীগণকে কোম্পানির শেয়ার অফিসে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অর্থাৎ ০৬-০২-২০২২ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে নির্ধারিত ফরমে মনোনয়ন পত্র দাখিল করতে হবে। মনোনয়ন পত্র কোম্পানির শেয়ার অফিস, বিএসইসি ভবন (৫ম তলা), ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ এ পাওয়া যাবে।
- ৫। বার্ষিক সাধারণ সভার লগ-ইন প্রসেসের লিংক ও বার্ষিক প্রতিবেদন এর বিস্তারিত প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং রেকর্ড ডেইট অনুযায়ী প্রাপ্ত শেয়ারহোল্ডারদের ঠিকানায় মেইল এর মাধ্যমে বার্ষিক প্রতিবেদন ও লগ-ইন প্রসেসের লিংক প্রেরণ করা হবে। শেয়ারহোল্ডারবৃন্দ সভা অনুষ্ঠিত হওয়ার ২৪ ঘণ্টা পূর্বে লিংকে এ প্রবেশ করে তাদের মূল্যবান মতামত প্রকাশ করতে পারবেন।